# 48th BCS Preli Program

## 48th BCS Preli Pioneer Service

## Daily Live Exam Bangla Language-02

## MCQ Master Set: 1 (Question & Solution)

Question 1

নিচের কোন শব্দটি ভিন্ন অর্থ প্রকাশ করে?

A বিহঙ্গ

B দ্বিজ

C দ্বিপ ✔

D গরুড়

**Solution:**
দ্বিপ অর্থ হাতি।
পাখি শব্দের সমার্থক: গরুড়, অণ্ডজ, দ্বিজ, খেচর, পক্ষী, বিহঙ্গ ইত্যাদি।

Question 2

'তামরস' শব্দের অর্থ কী?

A পঙ্কজ ✔

B ভ্রমর

C ফুল

D অরণ্য

**Solution:**
তামরস শব্দের সমার্থক শব্দ: পদ্ম, শতদল, উৎপল, পঙ্কজ, অরবিন্দ, ইন্দবর ইত্যাদি।

Question 3

কোন সমার্থক শব্দগুচ্ছ সঠিক?

A আলয় – নিলয় ✔

B জলদ – জলধি

C বিভু – বিভা

D বারিদ – বারিধি

**Solution:**

| শব্দ | অর্থ |
|---|---|
| বারিদ/জলদ | মেঘ |
| বারিধি/জলধি | সমুদ্র |
| বিভু | ঈশ্বর |
| বিভা | আলো |
| আলয়/নিলয় | গৃহ |

Question 4

কোনটি 'অবিনাশী' শব্দের সমার্থক নয়?

A অক্ষয়

B শাশ্বত

C চিরন্তন

D ক্ষণস্থায়ী ✔

**Solution:**
'অবিনাশী' শব্দের সমার্থক শব্দ: অক্ষয়, শ্বাশত, চিরন্তন, চিরস্থায়ী। ক্ষণস্থায়ী এর সমার্থক নয়।

Question 5

'আকাশ' শব্দের প্রতিশব্দ কোনগুলো?

A অম্বর, কন্তুল, চিকুর

B গগন, পাবক, বহ্নি

C ব্যোম, অন্তরীক্ষ, শূন্য ✔

D আসমান, মহী, মেদেনী

**Solution:**
আকাশ শব্দের প্রতিশব্দ: গগন, অন্তরীক্ষ, ব্যোম, দুলোক অম্বর, শূন্য, আসমান ইত্যাদি।

Question 6

‘রবির করে অন্ধকার দূরীভুত হয়।’ এ বাক্যে ‘করে’ শব্দের অর্থ-

A কাজ

B কিরণ ✔

C হাত

D প্রভাব

**Solution:**
রবি অর্থ সূর্য; কর অর্থ আলো/কিরণ অর্থ দাড়ায়, সূর্যের আলোতে অন্ধকার দূরীভূত হয়।

Question 7

কোনটি চাঁদের সমার্থক শব্দ নয়?

A রজনীকান্ত

B ইন্দু

C সিতকর

D সবিতা ✔

**Solution:**
চন্দ্র শব্দের সমার্থক শব্দ: শশকর, শশাদ্রক, ইন্দু, মৃগাঙ্ক, রজনীকান্ত, সিতকর, শশী, শশাঙ্ক ইত্যাদি। সবিতা অর্থ সূর্য।

Question 8

ধ্বন্যাত্মক দ্বিরুক্তির উদাহরণ কোনটি?

A চোখে চোখে

B ঘেউ ঘেউ ✔

C কেউ কেউ

D চুপচাপ

**Solution:**

**ধ্বন্যাত্মক দ্বিরুক্তি গঠন:** ধ্বন্যাত্মক দ্বিরুক্তি শব্দ কয়েক উপায়ে গঠিত হয়।
১. মানুষের ধ্বনির অনুকার: ভেউ ভেউ মানুষের উচ্চস্বরে কান্নার ধ্বনি।
২. জীব জন্তুর ধ্বনির অনুকার: ঘেউ ঘেউ (কুকুরের ধ্বনি)।
৩. বস্তুর ধ্বনির অনুকার: ঘচাঘচ (ধান কাটার শব্দ)।
৪. অনুভূতিজাত কাল্পনিক ধ্বনির অনুকার: ঝিকিমিকি (ঔজ্জ্বল্য)
৫. একই (ধ্বন্যাত্মক) শব্দের অবিকৃত প্রয়োগ: ধকধক, ঝনঝন, পটপট।
৬. যুগ্মরীতিতে গঠিত ধ্বন্যাত্মক শব্দ: কিচির মিচির (পাখির বা বানরের শব্দ), টাপুর টুপুর (বৃষ্টির শব্দ), হাপুস হুপুস (গোগ্রাসে কিছু খাওয়ার শব্দ)।

Question 9

‘পাতায় পাতায় পড়ে নিশির শিশির।’ এখানে ‘পাতায় পাতায়’ বলতে কি বোঝানো হয়েছে?

A ধারাবাহিকতা

B নির্দিষ্টতা

C আধিক্য ✔

D পৌনঃপনিকতা

**Solution:**

(ক) বিশেষ্য শব্দযুগলের বিশেষণরূপে ব্যবহার
- আধিক্য বুঝাতে: রাশি রাশি ধন, ধামা ধামা ধান, পাতায় পাতায় পড়ে নিশির শিশির।
- সামান্য বুঝাতে: আমি আজ জ্বর জ্বর বোধ করছি। দেখেছ তার কবি কবি ভাব।
- পরস্পরতা বা: তুমি দিন দিন রোগা হয়ে যাচ্ছ।
- ধারাবাহিকতা বুঝাতে: তুমি বাড়ি বাড়ি হেঁটে চাঁদা তুলেছ।
- ক্রিয়া বিশেষণ: ধীরে ধীরে যায়, ফিরে ফিরে চায়।
- অনুরূপ কিছু বুঝাতে: তার সঙ্গী সাথী কেউ নেই।
- আগ্রহ বুঝাতে: ও দাদা দাদা বলে কাঁদছে।

Question 10

স্বভাবতই ‘ণ’ ব্যবহৃত হয়েছে কোন শব্দে?

A নিপুণ ✔

B হরিণ

C শ্রাবণ

D ঘণ্টা

**Solution:**
কতকগুলো শব্দে **স্বভাবতই** ণ হয় –
চাণক্য মাণিক্য গণ বাণিজ্য লবণ মণ
বেণু বীণা কঙ্কণ কণিকা।
কল্যাণ শোণিত মণি স্থাণু গুণ পুণ্য বেণী
ফণী অণু বিপণি গণিকা।
আপণ লাবণ্য বাণী নিপুণ ভণিতা পাণি
গৌণ কোণ ভাণ পণ শাণ।
চিক্কণ নিক্কণ তূণ কফণি (কনুই) বণিক গুণ
গণনা পিণাক পণ্য বাণ।

Question 11

কোনটি সন্ধির নির্দিষ্ট নিয়মানুসারে গঠিত?

A প্রৌঢ়

B পতঞ্জলি

C শুদ্ধোদন

D গবেষণা ✔

**Solution:**
সন্ধির নির্দিষ্ট নিয়ামানুসারে গঠিত শব্দ- গবেষণা = গো + এষণা। [∵ সন্ধিবদ্ধ শব্দের মধ্যে অয়, আয়, অব, আব উচ্চারিত হলে বিচ্ছেদের সময় তার পরিবর্তে যথাক্রমে এ-কার/ঐ কার/ও-কার/ঔ-কার বসে।]
অপরদিকে, নিপাতনে সিদ্ধ সন্ধি:
প্রৌঢ় = প্র + ঊঢ়
পতঞ্জলি = পতৎ + অঞ্জলি
শুদ্ধোদন = শুদ্ধ + ওদন।

Question 12

কোনটি সঠিক সন্ধি বিচ্ছেদ?

A শঙ্কা = শম্ + কা ✔

B চতুর্ভুজ = চতু + ভুজ

C উচ্ছ্বস = উৎ + ছ্বাস

D নীরস = নীঃ + রস

**Solution:**
সঠিক সন্ধি বিচ্ছেদ-
শঙ্কা = শম্ + কা;
উচ্ছ্বাস = উৎ + শ্বাস;
চতুর্ভুজ = চতুঃ + ভুজ;
নীরস = নিঃ + রস।

Question 13

‘লবণ’ শব্দের সন্ধি বিচ্ছেদ-

A লো + অন ✔

B লব + অন

C লে + অন

D ল + বন

**Solution:**
সন্ধিবদ্ধ শব্দের মধ্যে অয়, আয়, অব, আব উচ্চারিত হলে বিচ্ছেদের সময় তার পরিবর্তে যথাক্রমে এ-কার / ঐ-কার / ও-কার/ ঔ-কার বসে। যেমন:
**দ্রবণ = দ্রো + অন [অব = ও]**
**নয়ন = নে + অন [অয় = এ]**
**নাবিক = নৌ + ইক [আব = ঔ]**
**নায়ক = নৈ + অক [আয় = ঐ]**
ভাবুক = ভৌ + উক [আব = ঔ]
লবণ = লো + অন [অব = ও]
শয়ন = শে + অন [অয় = এ]

Question 14

নিচের কোনটি বিসর্গ সন্ধির উদাহরণ?

A উন্মত্ত

B অত্যন্ত

C কৃদন্ত

D  পুরস্কার ✔

**Solution:**
বিসর্গ সন্ধির উদাহরণ: পুরস্কার = পুরঃ + কার।
অন্যান্য সন্ধি বিচ্ছেদ:
উন্মত্ত = উৎ + মত্ত;
কৃদন্ত = কৃৎ + অন্ত;
অত্যন্ত = অতি + অন্ত।

Question 15

‘অভীপ্সা’ এর সঠিক সন্ধি-বিচ্ছেদ:

A  অভ + ইপ্সা

B  অভী + ইপ্সা

C  অভ + ঈপ্সা

D  অভি + ঈপ্সা ✔

**Solution:**
সন্ধির সঠিক রূপ:
অভীপ্সা = অভি + ঈপ্সা। [ঈক্ষা, ঈপ্সা, ঈশ ইত্যাদিতে ‘ঈ’ ব্যবহৃত হয়।]
এরূপ অন্যান্য সন্ধি বিচ্ছেদ:
অতীব = অতি + ইব;
পরীক্ষা = পরি + ঈক্ষা;
রবীন্দ্র = রবি + ইন্দ্র।

Question 16

সন্ধিসাধিত শব্দ কোনটি?

A  জনগণ

B  একচ্ছত্র ✔

C  নামঞ্জুর

D  বিদ্যারত্ন

**Solution:**
সন্ধিসাধিত শব্দ হলো ‘একচ্ছত্র’।
একচ্ছত্র = এক + ছত্র [ব্যঞ্জনসন্ধি]
জনগণ ⟶ বহুবচন [জন ⟶ জনগণ]
নামঞ্জুর ⟶ ‘না’ উপসর্গ যুক্ত শব্দ
বিদ্যারত্ন ⟶ রূপক কর্মধারয় সমাস [বিদ্যা রূপ রত্ন]।

Question 17

কোনটি নিপাতনে সিদ্ধ স্বরসন্ধি?

A একাদশ

B গোষ্পদ

C পরোক্ষ ✔

D বৃহস্পতি

**Solution:**
নিপাতনে সিদ্ধ স্বরসন্ধি:
পরোক্ষ = পর + অক্ষ [অ + অ = আ (পরাক্ষ) হওয়ার কথা; তবে, অ + অ = ও (পরোক্ষ) হয়েছে]।
নিপাতনে সিদ্ধ ব্যঞ্জনসন্ধি:
একাদশ = এক + দশ;
গোষ্পদ = গো + পদ;
বৃহস্পতি = বৃহৎ + পতি।

Question 18

‘পায়রা’র সমার্থক শব্দ কোনটি?

A কুড়া

B কপোত ✔

C কদলী

D কোকিল

**Solution:**
‘পায়রা’ এ সমার্থক শব্দ ‘কপোত’; এর আরও দুটি সমার্থক শব্দ- পারাবত, কবুতর। ‘কুড়া’ গৃহের সমার্থক, ‘কদলী’ কলার সমার্থক। ‘কোকিল’ এর সমার্থক শব্দ- পিক, বসন্তদূত।

Question 19

‘মৃগরাজ’ শব্দের অর্থ কী?

A বানর

B হাতি

C সিংহ ✔

D হরিণ

**Solution:**
‘মৃগরাজ’ শব্দের অর্থ সিংহ। ‘মৃগরাজ’ শব্দের আরও কয়েকটি সমার্থক শব্দ- মৃগেন্দ্র, হরি, কেশরী। ‘হাতি’ শব্দের সমার্থক শব্দ- গজ, দন্তী, করী, হস্তী, দ্বিপ, কুঞ্জর।

Question 20

‘হিতৈষী’ শব্দের সঠিক সন্ধি-বিচ্ছেদ কোনটি?

A হিত + ওষী

B হিত + ঐষী

C হিত + ঔষী

D হিত + এষী ✔

**Solution:**
হিতৈষী এর সঠিক সন্ধি বিচ্ছেদ- হিতৈষী = হিত + এষী।
এরূপ কয়েকটি সন্ধি বিচ্ছেদ-
মহৈশ্বর্য = মহা + ঐশ্বর্য;
সদৈব = সদা + এব;
হিতৈষণা = হিত + এষণা।

Question 21

সন্ধির প্রধান সুবিধা কি?

A পড়ার সুবিধা

B লেখার সুবিধা

C উচ্চারণের সুবিধা ✔

D শোনার সুবিধা

**Solution:**
সন্ধি হলো পাশাপাশি দুই বর্ণের মিলন। এর মাধ্যমে স্বাভাবিক উচ্চারণে সহজ প্রবণতা ও ধ্বনিগত মাধুর্য সম্পাদন করা যায়।

Question 22

বিশেষণ পদযোগে গঠিত দ্বিরুক্ত শব্দ কোনটি?

A লাল লাল ফুল ✔

B ভাইয়ে ভাইয়ে যুদ্ধ

C গ্রামে গ্রামে যাব

D জ্বর জ্বর লাগছে

**Solution:**
বিশেষণ শব্দযুগলের বিশেষণরূপে ব্যবহার
- **আধিক্য বুঝাতে** : ভালো ভালো আম নিয়ে এসো।
পাকা পাকা আম ছোট ছোট ডাল কেটে ফেল, লাল লাল ফুল।
- তীব্রতা বুঝাতে : গরম গরম জিলাপি। নরম নরম হাত।
- **সামান্যতা বুঝাতে** : উড়ু উড়ু ভাব। কালো কালো চেহারা।

Question 23

'ছি! ছি! তুমি এত খারাপ!' এখানে 'ছি! ছি! কী অর্থ প্রকাশ করছে?

A অনুভূতির ভাব

B ভাবের গভীরতা ✔

C তীব্রতা

D পৌনঃপুনিকতা

**Solution:**
অব্যয় পদের দ্বিরুক্তি:
১. ভাবের গভীরতা বুঝাতে: তার দুঃখে সবাই হায় হায় করছিল। ছি ছি তুমি কী করেছ।, ছি ছি! তুমি এতো খারাপ।
২. পৌনঃপুনিকতা বুঝাতে: বার বার সে কামান গর্জে উঠল।
৩. বিশেষণ বুঝাতে: পিলসুজে বাতি জ্বলে মিটির মিটির।

Question 24

"হাটে হাটে বিকিয়ে তোর ভরা আপণ।" এ বাক্যে কোন দ্বিরুক্তির প্রয়োগ ঘটেছে?

A যুগ্মরীতির দ্বিরুক্তি

B অব্যয়ের দ্বিরুক্তি

C ধ্বন্যাত্মক দ্বিরুক্তি

D পদাত্মক দ্বিরুক্তি ✔

**Solution:**
পদভিত্তিক দ্বিরুক্তি: বিভক্তিযুক্ত পদের দু'বার ব্যবহারকে পদাত্মক দ্বিরুক্তি বলে।
১. দুটো পদে একই বিভক্তি যুক্ত হয় এবং পদ দুটোও অপরিবর্তিত থাকে। যেমন: ঘরে ঘরে লেখাপড়া হচ্ছে, মনে মনে আমিও একথাই ভাবছি, দেশে দেশে ধন্য ধন্য করতে লাগল। হাটে হাটে বিকিয়ে তোর ভরা আপন।
২. দুটো পদে একই বিভক্তি যুক্ত হয় এবং দ্বিতীয় পদটির আংশিক পরিবর্তন হয়। যেমন: চোর হাতে নাতে ধরা পড়েছে, আমার সন্তান যেন থাকে দুধে ভাতে।

Question 25

'দেখতে দেখতে আকাশ কালো হয়ে এলো' এ বাক্যে ব্যবহৃত দ্বিরুক্ত শব্দটি কোন অর্থ প্রকাশ করে?

A পৌনঃপুনিকতা

B স্বল্পকাল স্থায়ী ✔

C ক্রিয়া বিশেষণ

D বিশেষণ

**Solution:**
১. বিশেষণ বুঝাতে: রোগীর তো যায় যায় অবস্থা, তোমার নেই নেই ভাব আর গেল না।
২. স্বল্পকাল স্থায়ী বুঝাতে: দেখতে দেখতে আকাশ কালো হয়ে এলো।
৩. ক্রিয়া বিশেষণ: ঘুমিয়ে ঘুমিয়ে শুনলে কীভাবে? দেখে দেখে যেও।
৪. পৌনঃপুনিকতা বুঝাতে: ডেকে ডেকে হয়রান হয়েছি।

Question 26

নিচের কোন বানানে মূর্ধন্য 'ণ' এর ব্যবহার হয়েছে?

A মধ্যাহ্ন

B বিপন্ন

C তৃষ্ণা ✓

D রত্ন

**Solution:**
ষ্ণ = ষ + ণ, ন্ন = ন + ন।
হ্ন = হ + ন, ত্ন = ত + ন।

Question 27

কোন জাতীয় শব্দে 'ষ' ব্যবহার হয় না?

A তৎসম

B সংস্কৃত

C বিদেশি ✓

D তদ্ভব

**Solution:**
তৎসম শব্দের বানানে ণ-এর সঠিক ব্যবহারের নিয়মই ণত্ব বিধান। ণত্ব ও ষত্ব বিধান শুধু তৎসম শব্দের ক্ষেত্রেই প্রযোজ্য। দেশি বা বিদেশি শব্দে 'ণ'বা 'ষ' হয় না।

Question 28

কোন শব্দে সাধারণত ণ-ত্ব বিধান খাটে না?

A দ্বিরুক্ত শব্দে

B সমাসবদ্ধ শব্দে ✓

C বিদেশি শব্দে

D প্রত্যয়ান্ত শব্দে

**Solution:**
সমাসবদ্ধ শব্দে সাধারণত ণ-ত্ব বিধান খাটে না। এরূপ ক্ষেত্রে ন হয়। যেমন- ত্রিনয়ন, দুর্নীতি, অগ্রনায়ক, ছাত্রনিবাস।

Question 29

ষ-ত্ব বিধান অনুসারে কোন বানানটি শুদ্ধ নয়?

A অনুষ্ঠান

B আবিষ্কার

C নিস্কাম ✔

D স্টেশন

**Solution:**
অ, আ ছাড়া অন্য কোনো স্বরবর্ণ এবং ক, র-এই সব বর্ণের পরবর্তী দন্ত্য-স মূর্ধন্য-ষ হয়। যেমন: ঈষৎ, ঊষা, এষণা, বিষম, সুষমা, ভবিষ্যৎ, জিগীষা, মুষিক, কোষ, রোষ, নিষ্কাম ইত্যাদি।

Question 30

নিচের কোন শব্দে 'ণ' এর ভুল প্রয়োগ রয়েছে?

A চাণক্য

B মাণিক্য

C গণ

D ক্রন্দণ ✔

**Solution:**
ত-বর্গীয় বর্ণের সাথে যুক্ত ন- কখনো ণ হয় না। ণ-এর আগে ঋ, র, ষ নেই, তাই ক্রন্দণ 'ণ' হবে না। চাণক্য, মাণিক্য, গণ-এ স্বভাবতই ণ হয়।

Back